রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৩, ২০১৪

## ৮ম খণ্ড

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]**

**নদী গবেষণা ইনস্টিটিউট**

**আদেশ**

নং ৪২.১০৩.০২২.০১.০০.১০৪৪.২০১৩-৭৯৫—তারিখ, ৫ ডিসেম্বর ২০১৩

বিষয় ঃ **"নদী গবেষণা ইনস্টিটিউট আইন (১৯৯০ সনের ৫৩ নং আইন) এ ৮ ধারায় গঠিত পরিচালনা বোর্ডের কার্যপদ্ধতি"**

১। **সংক্ষিপ্ত শিরোনাম: এই কার্যপদ্ধতি** "নদী গবেষণা ইনস্টিটিউট পরিচালনা বোর্ড সভার কার্যপদ্ধতি, ২০১৩" নামে অভিহিত হইবে। ১৯৯০ সনের ৫৩নং আইনের ৮(১) ধারার বিধান অনুসারে পরিচালনা বোর্ড এই কার্যপদ্ধতি প্রণয়ন এবং অনুমোদন করিল।

২। এই কার্যপদ্ধতিতে বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে—

(ক) 'আইন' অর্থ নদী গবেষণা ইনস্টিটিউট আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৫৩নং আইন);

(খ) 'বোর্ড' অর্থ আইনের ধারা ৬ এর অধীন গঠিত পরিচালনা বোর্ড;

(গ) 'ইনস্টিটিউট' অর্থ নদী গবেষণা ইনস্টিটিউট;

(ঘ) 'নগই' অর্থ নদী গবেষণা ইনস্টিটিউট;

(ঙ) এই কার্যপদ্ধতিতে ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। আইনে পরিচালনা বোর্ড সম্পর্কিত বিধানসমূহ নিম্নরূপ:

(ক) ইনস্টিটিউটের পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং ইনস্টিটিউট যে সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিতে পারিবে বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিতে পারিবে। [ধারা-৫(১)]

(খ) (১) বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে। [ধারা-৮(১)]

(২) বোর্ডের সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে। [ধারা-৮(২)]

(৩) বোর্ডের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন সদস্য সভাপতিত্ব করিবেন। [ধারা-৮(৩)]

(৪) বোর্ডের সভার কোরামের জন্য পাঁচজন সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে। [ধারা-৮(৪)]

(৫) বোর্ডের প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী সদস্যের দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে। [ধারা-৮(৫)]

(৬) শুধুমাত্র কোন সদস্য পদে শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকার কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা হইবে না। [ধারা-৮(৬)]

(গ) বোর্ড উহার দায়িত্ব পালনে উহাকে সহায়তাদানের জন্য এক বা একাধিক কমিটি নিয়োগ করিতে পারিবে। [ধারা-৯]

(ঘ) বোর্ড উহার যে কোন ক্ষমতা বা দায়িত্ব সুনির্দিষ্ট শর্তে চেয়ারম্যান বা অন্য কোন সদস্য বা মহাপরিচালক বা ইনস্টিটিউটের অন্য কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে। [ধারা-১৭]

(ঙ) বোর্ড সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ৫৩ নং আইন বা কোন বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ নয় এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে। [ধারা-২১]

৪। (১) বোর্ডের সভা প্রতি তিন মাস অন্তর অন্তর অনুষ্ঠিত হইবে। তবে শর্ত থাকে যে, কোন কারণে নির্ধারিত সময়ে সভা অনুষ্ঠিত না হইলে, বছরে ন্যূনতম দুইটি সভা অনুষ্ঠিত হইবে।

(২) সভা আহবানের বিজ্ঞপ্তিতে সভার তারিখ, সময়, স্থান এবং আলোচ্যসূচী উল্লেখ থাকিবে এবং সভা অনুষ্ঠানের কমপক্ষে ৭ (সাত) দিন আগে সভার কার্যপত্রসহ বিজ্ঞপ্তির কপি বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণের নিকট প্রেরণ করা হইবে। সভা আহবানের বিজ্ঞপ্তি চেয়ারম্যানের অনুমোদনক্রমে বোর্ডের সচিব কর্তৃক জারী হইবে।

৫। সভার কার্যক্রম পরিচালনা: বোর্ড সভায় সার্বিক সহায়তা প্রদানের জন্য বোর্ড সচিবের এক বা একাধিক সহকর্মী সভায় উপস্থিত থাকিতে পারিবেন।

৬। সভার কার্যবিবরণী ঃ

(১) বোর্ড সচিবের তত্ত্বাবধানে সভার কার্যবিবরণী লিপিবদ্ধ হইবে এবং প্রতি সবার কার্যবিবরণী প্রস্তুতপূর্বক প্রতি পৃষ্ঠায় সভাপতির সংক্ষিপ্ত স্বাক্ষর (initial) এবং শেষ পৃষ্ঠায় পূর্ণ স্বাক্ষরের মাধ্যমে চূড়ান্ত হইবে।

(২) বোর্ড সভার কার্যবিবরণী সভাপতি কর্তৃক স্বাক্ষর হইবার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে বোর্ডের সদস্যগণ ও সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করার জন্য বোর্ড সচিব ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৩) বোর্ড সভা পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন করিবেন।

৭। বোর্ড সভায় উপস্থাপনযোগ্য বিষয়সমূহ, কার্যপরিধি ও নিস্পত্তির ধরণ: বোর্ড আইনের ৭/[১] ধারায় বর্ণিত কার্যাবলী ও সংশ্লিষ্ট বিষয়াদির আলোকে নগই কর্তৃক গৃহীত সার্বিক কার্যাবলীর পর্যালোচনা, মূল্যায়ন এবং পরামর্শ প্রদান করিবে।

এই লক্ষ্যে ঃ

(১) উপস্থাপিত বিষয়সমূহ একটি স্বয়ংসম্পূর্ণ কার্যপত্রের মাধ্যমে পেশ করিতে হইবে এবং এই ধরনের কার্যপত্রে নিম্নলিখিত বিষয়াদি অংগীভুত থাকিবে:

-বিষয়টির পূর্বসূত্র, প্রাসংগিক বিষয়াদির ধারাবাহিক বর্ণনা ও বিশ্লেষণ;

-প্রশাসনিক মন্ত্রণালয় কিংবা সরকারের উত্থাপিত বিষয়ের উপরে কোন সিদ্ধান্ত/নির্দেশ/আদেশ/ উপদেশ থাকিলে উহার উল্লেখ;

-পূর্ববর্তী বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন।

(২) বোর্ড সভায় বোর্ড সচিব নগইর বাস্তবায়নকৃত বিষয়াদি সম্পর্কে অবহিত করিবেন।

(৩) মহাপরিচালক, নগই, গবেষণা বিষয়ক বাৎসরিক কর্মপরিকল্পনা বোর্ডকে অবহিত করিবেন।

---

[১] নদী গবেষণা ইনস্টিটিউটের কার্যাবলী (১৯৯০ সনের ৫৩ নং আইন অনুযায়ী) নিম্নরূপ ঃ

১. নদী প্রশিক্ষণ, নদীভাঙ্গন রোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং সেচ ও পানি নিষ্কাশনের প্রয়োজনে নক্শা প্রণয়নের জন্য ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা;

২. পানি সম্পদ উন্নয়নের জন্য পানি প্রবাহ এবং পানি বিভাজন এলাকা, পানি বিজ্ঞান, ভূ-পরিস্থ ও ভূ-গর্ভস্থ পানি ব্যবহার এবং পরিবেশগত বিষয়াদি বিশেষতঃ লবনাক্ততার অনুপ্রবেশ এবং পানির গুণাগুণ সম্পর্কে গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা;

৩. নদী প্রশিক্ষণ, নদীভাঙ্গন রোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং সেচ ও পানি নিষ্কাশনের জন্য নির্মাণ কাজে ব্যবহৃত উপকরণ পরীক্ষা এবং নির্মাণ কাজের মানের তদন্ত এবং মূল্যায়ন করা;

৪. উপর্যুক্ত বিষয়সমূহের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা এবং তদ্‌সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে সাময়িকী ও প্রতিবেদন প্রকাশ করা;

৫. উপর্যুক্ত কোন বিষয় সম্পর্কে সরকার, স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য কোন প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদান করা;

৬. নগইর কার্যসমূহের মত একই প্রকার কার্যে নিয়োজিত অন্য কোন দেশী বা বিদেশী সংস্থার সাথে সহযোগিতা করা এবং যৌথ কার্যক্রম পরিচালনা করা; এবং

৭. উপর্যুক্ত কার্যসমূহ সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করা।

(৪) বোর্ড ইনস্টিটিউটের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে সমস্যাসমূহ চিহ্নিত করিয়া তা সমাধানের জন্য নির্দেশনা প্রদান করিবেন।

(৫) বোর্ড নগইর উন্নয়ন, কর্মপরিকল্পনা ও কার্যক্রম বাস্তবায়নের জন্য অর্থায়ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণসহ প্রয়োজনীয় সুপারিশ ও দিক-নির্দেশনা প্রদান করিবেন।

৮। বোর্ড সংক্রান্ত কাগজপত্রের রক্ষণাবেক্ষণ হেফাজতকরণ ঃ

বোর্ডের সকল কার্যবিবরণী এবং এতদ্‌সংক্রান্ত সমুদয় কাগজপত্র নগই এর হেফাজতে থাকিবে।

৯। প্রশাসনিক মন্ত্রণালয় কিংবা সরকারের কোন নির্দেশনা ও ইনস্টিটিউটের গুরুত্বপূর্ণ বিষয়ে মহাপরিচালক বোর্ডকে অবহিত রাখিবেন।

পরিচালনা বোর্ডের আদেশক্রমে

**মোঃ আজম খান (উপ-সচিব)**
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
ও
সদস্য সচিব
নগই পরিচালনা বোর্ড।
(১৬—১)

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**যুগ্ম-সচিব (মতামত) এর কার্যালয়**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

**বিজ্ঞপ্তি**

১৯৬৪ সালের নোটারী বিধিমালার বিধি ৫(২) এর শর্ত মোতাবেক বিজ্ঞপ্তি জারী করা যাচ্ছে যে, সাতক্ষীরা জেলা আইনজীবী সমিতির সদস্য বিজ্ঞ এ্যাডভোকেট জনাব জহুরুল হায়দার, পিতা মোঃ আব্দুল জলিল, সাং নকিপুর, পোঃ নকিপুর, থানা শ্যামনগর, জেলা সাতক্ষীরা—সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী পাবলিক হিসেবে নিয়োগলাভের জন্য আবেদন করেছেন, যা সরকারের বিবেচনাধীন রয়েছে।

এমতাবস্থায়, আবেদনকারীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী পাবলিক হিসেবে নিয়োগদানের ক্ষেত্রে যদি কোন ব্যক্তির কোন আপত্তি থাকে, তবে তা এ বিজ্ঞপ্তি প্রকাশের ১৪(চৌদ্দ) দিন মেয়াদের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**আবু আহমেদ জমাদার**
যুগ্ম-সচিব (মতামত)
ও
উপযুক্ত কর্তৃপক্ষ।
(১৭—১)